

অধ্যায় ৫
জনসংখ্যা

■ অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

➲ অল্পকথায় উত্তর দাও :

প্রশ্ন ॥ ১ ॥ পরিবারের উপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব উলেরখ কর।

উত্তর : পরিবারের উপর অধিক জনসংখ্যার প্রধান তিনটি প্রভাব উলেরখ করা হলো :

১. **খাদ্য :** পরিবারে অধিক জনসংখ্যা হলে সবার জন্য পুষ্টিকর খাদ্য নিশ্চিত করা সম্ভব হয় না।

২. **বস্ত্র :** পরিবারের লোকসংখ্যা বেশি হলে বাবা–মা অনেক সময় সব সন্তানদের প্রয়োজনীয় কাপড় কিনে দিতে পারেন না।

৩. **বাসস্থান :** পরিবারে অধিক জনসংখ্যা হলে সবার জন্য পর্যাপ্ত স্থান সংকুলান করা কষ্টকর হয়ে পড়ে এবং গাদাগাদি করে থাকতে হয়।

প্রশ্ন ॥ ২ ॥ সমাজের উপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব উলেরখ কর।

উত্তর : সমাজে শিৰা, স্বাস্থ্য ও পরিবেশের উপর অধিক জনসংখ্যার প্রভাব পড়ে। যেমন :

শিৰা : অধিক জনসংখ্যার কারণে সমাজে সবার জন্য শিৰা নিশ্চিত করা সম্ভব হয় না। প্রয়োজনীয় শিৰা প্রতিষ্ঠানের অভাবে সমাজের মানুষ হয় অশিৰিত, কুসংস্কারাচ্ছন্ন।

স্বাস্থ্য : অধিক জনসংখ্যার ফলে সমাজে স্বাস্থ্যসেবা পর্যাপ্ত পরিমাণে থাকে না। উপরন্তু চিকিৎসক সংখ্যা লোকের তুলনায় কম থাকে।

পরিবেশ : কোনো সমাজে অতিরিক্ত জনসংখ্যার ফলে পরিবেশের উপর ৰতিকর প্রভাব পড়ে। মানুষ গাছপালা কেটে বাড়িঘর তৈরি করে, অধিক ফসল ফলাতে গিয়ে জমিতে প্রচুর রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করে। এতে পুকুর ও নদীর পানি দূষিত হয়।

প্রশ্ন ॥ ৩ ॥ জনসংখ্যা সমস্যার তিনটি সমাধান লেখ।

উত্তর : জনসংখ্যা সমস্যার তিনটি সমাধান :

১. **শিৰার প্রসার :** শিৰিত জনগোষ্ঠী জীবনযাত্রার মান উঁচু রাখার জন্য পরিবারের জনসংখ্যা সীমিত রাখে। এভাবে শিৰা জনসংখ্যা সমস্যা সমাধানে কার্যকর ভূমিকা পালন করে।

২. **বহুমুখী কর্মসংস্থান বৃদ্ধি :** বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে কুটির শিল্প স্থাপন, পশুপালন ও মৎস্য চাষ করে কর্মসংস্থান সৃষ্টি করে জীবনযাত্রার মান উন্নত করে জনসংখ্যার চাপ লাঘব করা যায়।

৩. **পরিকল্পিত পরিবার কর্মসূচি বাস্তবায়ন :** শিৰার প্রসার ঘটিয়ে, সচেতনতা সৃষ্টি করে পরিবার পরিকল্পনা পদ্ধতি জনপ্রিয় করার মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধি রোধ করা যায়।

➲ প্রশ্নগুলোর উত্তর দাও :

প্রশ্ন ॥ ১ ॥ অধিক খাদ্য উৎপাদনের মাধ্যমে আমাদের দেশের জনগণ কীভাবে উপকৃত হতে পারে?

উত্তর : অধিক খাদ্য উৎপাদনের মাধ্যমে আমাদের দেশের জনগণ বিভিন্নভাবে উপকৃত হতে পারে। যথা–

ক. উপযুক্ত খাদ্য পাবে এবং কাউকে না খেয়ে জীবনযাপন করতে হবে না।
খ. অধিক খাদ্য উৎপাদনের মাধ্যমে পুষ্টিকর খাবার পাবে।
গ. বেকারত্ব দূর হবে।
ঘ. অধিক খাদ্য উৎপাদন হলে বিদেশেও রপ্তানি করা যাবে।
ঙ. সর্বোপরি মানসম্মত জীবনযাপন করবে।

প্রশ্ন ॥ ২ ॥ শ্রমশক্তি রপ্তানির মাধ্যমে আমরা কীভাবে উপকৃত হতে পারি?

উত্তর : শ্রমশক্তি রপ্তানির মাধ্যমে আমরা বিভিন্নভাবে উপকৃত হতে পারি। যথা :

ক. দৰ জনসম্পদ রপ্তানি করতে পারলে আমাদের দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হবে।
খ. প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করা যাবে।
গ. বেকারত্ব হ্রাস পাবে।
ঘ. শিল্প কারখানা গড়ে উঠবে, দেশের জনগণের কর্মসংস্থানের ব্যবস্থা হবে।
ঙ. দেশের সুনাম ছড়াবে।

প্রশ্ন ॥ ৩ ॥ কারিগরি প্রশিৰণ বৃদ্ধির মাধ্যমে আমরা কীভাবে উপকৃত হতে পারি?

উত্তর : কারিগরি প্রশিৰণের মাধ্যমে আমরা বিভিন্নভাবে উপকৃত হতে পারি। যথা :

ক. কৃষিকাজে কারিগরি প্রশিৰণ কাজে লাগিয়ে অল্প জমিতে অধিক ফসল উৎপাদন করতে পারি।
খ. কারিগরি প্রশিৰণের মাধ্যমে শিল্প কারখানার ব্যাপক উন্নতি সাধন করে কর্মসংস্থান বাড়িয়ে উপকৃত হতে পারি।
গ. কারিগরি প্রশিৰণের মাধ্যমে নতুন নতুন যন্ত্র ও কৌশল আবিষ্কার করে উৎপাদন বাড়ানো যায়।
ঘ. কারিগরি প্রশিৰণের মাধ্যমে জীবনযাপন সহজ ও আরামদায়ক হয়।

■ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

➲ যোগ্যতাভিত্তিক

১. **বাংলাদেশের অধিক জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের জন্য তুমি কী পরামর্শ দিবে?**
✓ক. শিৰা ও প্রশিৰণের
খ. খাদ্য সমস্যা সমাধানের
গ. বাসস্থান নিশ্চিতকরণের
ঘ. স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের

২. **জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার প্রয়োজন কেন?**
ক. ভৌগোলিক উন্নয়নের জন্য
✓খ. অর্থনৈতিক উন্নয়নের জন্য
গ. প্রাকৃতিক উন্নয়নের জন্য
ঘ. জাতিগত উন্নয়নের জন্য

৩. **বাংলাদেশ একটি জনবহুল দেশ। এ ৰেত্রে অর্থনৈতিক উন্নয়নের জন্য তুমি কোনটি রপ্তানির পরামর্শ দিবে?**
✓ক. জনসম্পদ খ. মৎস্যসম্পদ
গ. বনজসম্পদ ঘ. খনিজসম্পদ

৪. **কোনো একটি দেশ দিন দিন উন্নত হচ্ছে জনসংখ্যার কল্যাণে। কখন জনশক্তি জনসম্পদে পরিণত হয়?**
ক. যখন জীবনের বহিঃপ্রকাশ ঘটে
✓খ. যখন দৰতার বহিঃপ্রকাশ ঘটে
গ. যখন শিৰাগ্রহণ করা হয়
ঘ. যখন মূল্যবোধের বিকাশ ঘটে

৫. **পরিবেশের উপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব নিচের কোনটিতে প্রকাশ পায় না?**

ক. বনের গাছপালা কেটে বাড়িঘর নির্মাণ
খ. কৃষিজমিতে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার
✓গ. মৌলিক চাহিদার ওপর জীবনযাত্রার মান নির্ভরশীল
ঘ. ভূগর্ভের পানি সেচ কাজে ব্যবহার

৬. জাকারিয়া একজন কৃষিবিদ, তিনি তার জমিতে অতিরিক্ত উৎপাদনের জন্য রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করেন এর ফলে কী ৰতি হবে?
✓ক. পানি দূষিত হবে খ. মাটির উর্বরতা কমে যাবে
গ. ফসল উৎপাদন কমবে ঘ. বায়ু দূষিত হবে

৭. মানুষের বেঁচে থাকার জন্য খাদ্য, বস্ত্র, বাসস্থান অত্যাবশ্যক। নিচের কোনটি বৃদ্ধিতে এগুলোর অভাব পূরণ অসম্ভব হয়ে পড়ে?
✓ক. জনসংখ্যা খ. রাষ্ট্রীয় সম্পদ
গ. প্রাকৃতিক সম্পদ ঘ. সামাজিক সম্পদ

৮. মিম পরিবারের আয়মূলক কাজ করায় বিদ্যালয়ে যায় না। এ কারণে সে কোনটি থেকে বঞ্চিত হচ্ছে?
ক. বস্ত্র ✓খ. শিৰা
গ. চিকিৎসা ঘ. বাসস্থান

৯. আব্দুস সাত্তার তার সাত সন্তানের নিত্য প্রয়োজনীয় চাহিদা মেটাতে ব্যর্থ। এর মূল কারণ হলো–
ক. চাহিদা বেশি খ. শিৰার অভাব
গ. বুদ্ধির অভাব ✓ঘ. সদস্যসংখ্যা বেশি

১০. দেশে সামাজিক অস্থিরতা বেড়ে যাওয়া ও উন্নয়ন প্রক্রিয়া ব্যাহত হওয়ার ৰেত্রে কোনটি অন্যতম কারণ বলে বিবেচিত?
ক. শিৰার হার বেড়ে যাওয়া
✓খ. জনসংখ্যার হার বেড়ে যাওয়া
গ. সম্পদের সীমাবদ্ধতা
ঘ. অপর্যাপ্ত জনসংখ্যা

১১. জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় মানুষ গাছপালা কেটে বাড়িঘর তৈরি এবং জীবিকা নির্বাহ করছে। এর ফলাফল হিসেবে কী ঘটছে?
ক. কৃষি জমি বৃদ্ধি পাচ্ছে
খ. জীবনমান উন্নত হচ্ছে
গ. ঘূর্ণিঝড় কমে যাচ্ছে
✓ঘ. পরিবেশ ও জলবায়ু পরিবর্তন হচ্ছে

১২. শিৰা মানুষের মৌলিক অধিকার কিন্তু আমাদের দেশে শিৰিত লোকের সংখ্যা কম। শিৰিত জনগোষ্ঠী কম হওয়ার জন্য তুমি কোনটিকে বেশি দায়ী করবে? [উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]
ক. শিৰার প্রতি অনাগহ
খ. মানুষের জীবনযাত্রার মান কম
✓গ. অতিরিক্ত জনসংখ্যা
ঘ. অশিৰিত বাবা–মা

১৩. আমাদের দেশ থেকে বিভিন্ন ধরনের শিৰা ও কারিগরি প্রশিৰণের মাধ্যমে শ্রমশক্তি বিদেশে রপ্তানি করতে পারি। এর ফলে আমাদের দেশের জন্য কী হবে? [উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]
ক. মানুষের লেখাপড়ায় আগ্রহ কমবে
খ. বেকার সমস্যা বৃদ্ধি পাবে
গ. মানুষের জীবনযাত্রার মান কমবে
✓ঘ. বৈদেশিক মুদ্রা আয় করা যাবে

১৪. রতনের পরিবারের সদস্য সংখ্যা বেশি হওয়ায় সে ঠিকমতো খেতে পায় না। এ কারণে সে প্রায় অসুস্থ থাকে। তার অসুস্থতার কারণ কী?
✓ক. পুষ্টির অভাব খ. স্বাস্থ্যকর পরিবেশের অভাব
গ. বাসস্থানের অভাব ঘ. চিকিৎসা সেবার অপ্রতুলতা

১৫. তোমার মতে, গ্রামের লোকদের দৰ জনশক্তিতে পরিণত করতে কী দরকার?
✓ক. সুষ্ঠু পরিকল্পনা খ. ইচ্ছামতো কাজ করা
গ. চাকরিতে নিয়োগ বৃদ্ধি ঘ. অধিক পরিবার গঠন

১৬. তোমার মতে, একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান কোনটি?
✓ক. জনসম্পদ খ. ব্যবসা
গ. পরিবেশ ঘ. চাকরি

১৭. দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান ও অপরিহার্য শর্ত কোনটি?
✓ক. দৰ জনসম্পদ খ. শিল্প
গ. রপ্তানি ঘ. অদৰ জনসম্পদ

১৮. বাংলাদেশের প্রায় দশ লৰ মানুষ গৃহহীন, এটি কোন সংস্থার তথ্য?
ক. ইউনিসেফ খ. ইউনেস্কো
✓গ. জাতিসংঘ ঘ. কমনওয়েলথ

১৯. বর্তমানে যে হারে জনসংখ্যা বাড়ছে তাতে প্রতিবছর কত লাখ মানুষের জন্য অতিরিক্ত বাসস্থান প্রয়োজন?
ক. প্রায় ২০ ✓খ. প্রায় ৩০ গ. প্রায় ৪০ ঘ. প্রায় ৫০

২০. জনসম্পদের দৰতা বাড়ানোর মাধ্যমে আমরা কী অর্জন করতে পারি?
ক. শিৰার ৰেত্র খ. মানব সংকট
✓গ. বৈদেশিক মুদ্রা ঘ. মানব মূলধন

২১. অতিরিক্ত জনসংখ্যা নিচের কোনটির উপর প্রভাব ফেলে?
ক. স্বাস্থ্যের উপর খ. পরিবেশের উপর
গ. শিক্ষার উপর ✓ঘ. উপরের সবগুলো

২২. বর্তমানে বাংলাদেশে কোন সমস্যাটি প্রধান আলোচিত বিষয়?
✓ক. জনসংখ্যাখ. পরিবেশ
গ. কৃষি ঘ. শিল্প

২৩. শ্রমশক্তির দৰতা বৃদ্ধির পূর্বশর্ত কোনটি?
ক. শিৰা খ. প্রশিৰণ গ. স্বাস্থ্যসেবা ✓ঘ. সবগুলো

২৪. লেখাপড়া শিখতে হবে কেন?
ক. মর্যাদা লাভ করতে খ. বৈষম্য দূর করতে
গ. অর্থ উপার্জন ✓ঘ. জনসম্পদ হতে

২৫. বাংলাদেশের খাদ্য ঘাটতির একটি প্রধান কারণ কী?
ক. দারিদ্র্য খ. অদৰ জনশক্তি
✓গ. অতিরিক্ত জনসখ্যা ঘ. অনুন্নত কৃষি

২৬. এদেশ থেকে মানবসম্পদ রপ্তানির মূলভিত্তি কী?
✓ক. শ্রমশক্তির দৰতা বৃদ্ধি খ. শিৰা বৃদ্ধি
গ. কাজের সন্ধান ঘ. কাজের মূল্যায়ন

২৭. ঢাকা শহরে ছিন্নমূল মানুষের মানবেতর অবস্থায় বাস করার অন্যতম কারণ কী?
✓ক. বাসস্থানের অভাব খ. শিৰার অভাব
গ. গ্রাম থেকে শহরে স্থানান্তর ঘ. কলকারখানার সংখ্যা বৃদ্ধি

২৮. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির ফলে কী হয়েছে?
✓ক. আবাদি জমির পরিমাণ কমেছে
খ. সকলে চিকিৎসা সুবিধা পাচ্ছে
গ. বেকার সমস্যা কমেছে
ঘ. দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে

২৯. জনশক্তিকে জনসম্পদে পরিণত করতে কোনটির প্রয়োজন সবচেয়ে বেশি?
✓ক. শিৰা ও প্রশিৰণের ব্যবস্থা করা
খ. মানসম্মত জীবনযাপনের ব্যবস্থা করা
গ. উপযুক্ত পুষ্টিসমৃদ্ধ খাদ্যের সংস্থান করা
ঘ. স্বাস্থ্যসেবা পাওয়ার ব্যবস্থা করা

৩০. মানবসম্পদ উন্নয়নের মূল উপাদান কোনটি?
ক. স্বাস্থ্য খ. দৰ নেতৃত্ব ✓গ. শিৰা ঘ. বাসস্থান

➲ **সাধারণ**

৩১. বাংলাদেশে প্রতি বছর কী পরিমাণ খাদ্য ঘাটতি হতো?
ক. প্রায় ২০ লৰ টন ✓খ. প্রায় ২৫ লৰ টন
গ. প্রায় ৩০ লৰ টন ঘ. প্রায় ৩৫ লৰ টন

৩২. কোনটি জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করার অন্যতম উপায় নয়?
ক. শিৰা খ. প্রশিৰণ
✓গ. চিত্তবিনোদন ঘ. মানবসম্পদ রপ্তানি

৩৩. দেশের উন্নয়নে কী ধরনের নাগরিক প্রয়োজন?
✓ক. শিৰিত খ. নিরৰর
গ. ব্যবসায়ী ঘ. রাজনৈতিক নেতা

৩৪. পরিবেশ দূষণের জন্য নিচের কোন কারণটি সবচেয়ে দায়ী?
ক. সম্পদের অপ্রতুলতা ✓খ. সচেতনতার অভাব
গ. সময়ের অপ্রতুলতা ঘ. আইনের সীমাবদ্ধতা

৩৫. বাংলাদেশে দিন দিন কৃষিজমি কমে যাওয়ার প্রধান কারণ কোনটি?
ক. নদী ভাঙন ✓খ. বসতবাড়ি নির্মাণ
গ. শিল্পকারখানা স্থাপন ঘ. বিদ্যালয় ভবন নির্মাণ

৩৬. জনসংখ্যা জনশক্তিতে পরিণত হয় কখন?
ক. উন্নত খাবার গ্রহণ করে স্বাস্থ্য ভালো রাখার মাধ্যমে
✓খ. কারিগরি প্রশিক্ষণ নিয়ে
গ. চলচ্চিত্র দেখে এবং লোকজনকে উদ্বুদ্ধ করে
ঘ. ঘুমিয়ে আরাম–আয়েশে জীবন যাপন করে

৩৭. বাংলাদেশে কোনটির অভাব রয়েছে?
ক. জনসংখ্যা খ. প্রাকৃতিক শ্রমিক
✓গ. মূলধন ঘ. স্বল্প মূল্যের শ্রমিক

৩৮. কর্মমুখী শিৰা ব্যবস্থার জন্য কোনটির প্রসার প্রয়োজন?
✓ক. কারিগরি শিৰার খ. তত্ত্বগত শিৰার
গ. প্রাথমিক শিৰার ঘ. উচ্চ শিৰার

৩৯. জনসংখ্যা কম হলে কীসের গুণগত মান বজায় রাখা যায়?
ক. খাদ্য ও বাসস্থানের খ. শিৰা ও চিত্তবিনাদনের
✓গ. শিৰা ও প্রশিৰণের ঘ. খাদ্য ও বস্ত্রের

৪০. খাদ্যের অভাব হলে কী দেখা দেয়?
✓ক. পুষ্টিহীনতা খ. টাইফয়েড
গ. গলগণ্ড ঘ. ডায়রিয়া

৪১. কোনটি আমাদের সুস্বাস্থ্য নিশ্চিত করে না?
✓ক. অনুপযুক্ত বাসস্থান খ. মানবসম্মত জীবনযাপন
গ. সুষম খাবার ঘ. পুষ্টিকর খাবার

৪২. জনসম্পদ একটি দেশের কী ধরনের শক্তি?
ক. অর্থশক্তি ✓খ. জনশক্তি গ. পেশিশক্তি ঘ. শ্রমশক্তি

৪৩. বাংলাদেশে সম্ভাবনার দ্বার উন্মোচন করতে পারে–
ক. চিনি রপ্তানি খ. সিমেন্ট রপ্তানি
✓গ. দৰ জনসম্পদ রপ্তানি ঘ. বেকার জনসম্পদ রপ্তানি

৪৪. মানুষের মৌলিক চাহিদা কয়টি?
ক. তিনটি খ. চারটি ✓গ. পাঁচটি ঘ. ছয়টি

৪৫. মানুষের মৌলিক চাহিদা পূরণ হলে কী হয়?
ক. জনসংখ্যা বৃদ্ধি পায় খ. জীবনযাত্রার মান কমে
গ. উৎপাদন বৃদ্ধি পায় ✓ঘ. জীবনযাত্রার মান বাড়ে

৪৬. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে হলে কী করতে হবে?
ক. জনগণের সচেতনতা কমাতে হবে
খ. কারিগরি শিৰার সংকোচন করতে হবে
✓গ. উন্নত প্রশিৰণের ব্যবস্থা করতে হবে
ঘ. বয়স্ক শিৰার গুরৰত্ব বাড়াতে হবে

৪৭. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান নয় কোনটি?
ক. মানবসম্পদ খ. প্রাকৃতিক সম্পদ
গ. মূলধন ✓ঘ. মুদ্রাস্ফীতি

৪৮. অতিরিক্ত জনসংখ্যা কাদের ওপর ৰতিকর প্রভাব ফেলে?
ক. ধনী জনগণের ওপর ✓খ. সমগ্র জনগণের ওপর
গ. দরিদ্র জনগণের ওপর ঘ. মধ্যবিত্ত জনগণের ওপর

৪৯. নিচের কোনটি মৌলিক চাহিদা?
✓ক. বস্ত্র খ. ভ্রমণ গ. বিনোদন ঘ. চরিত্র

৫০. কারা মানবেতর জীবনযাপন করে?
ক. গ্রামের কৃষকরা খ. বেসরকারি স্কুলের শিক্ষকরা
✓গ. শহরের ছিন্নমূল মানুষেরা ঘ. গরিব তাঁতিরা

■ সংৰিপ্ত প্রশ্ন ও উত্তর

➲ যোগ্যতাভিত্তিক :

প্রশ্ন ॥ ১ ॥ তোমার পরিবারের লোকসংখ্যা বেশি হওয়ায় কয়েকজন অন্য জায়গায় নতুন বসতি স্থাপন করছে। এতে কী কমে যাচ্ছে?
উত্তর : এতে কৃষি জমির পরিমাণ কমে যাচ্ছে।

প্রশ্ন ॥ ২ ॥ শহরে রাস্তার পাশে, বস্তিতে এমনকি খোলা জায়গায়ও মানুষ মানবেতর জীবনযাপন করছে। এর কারণ কী?
উত্তর : এর কারণ হলো অধিক জনসংখ্যা।

প্রশ্ন ॥ ৩ ॥ কৃষক রহিম মিয়া তার পাঁচ সন্তানের প্রয়োজনীয় চাহিদা মেটাতে পারেন না। এর মূল কারণ কী?
উত্তর : এর মূল কারণ রহিম মিয়ার পরিবারে সদস্য সংখ্যা বেশি।

প্রশ্ন ॥ ৪ ॥ স্কুলে যাওয়ার পথে কেয়া একজন বৃদ্ধাকে রাস্তায় ভিৰা চাইতে দেখল। এ বৃদ্ধা কোন ধরনের জীবনযাপন করছে?
উত্তর : এ বৃদ্ধা মানবেতর জীবনযাপন করছে।

প্রশ্ন ॥ ৫ ॥ স্কুলের পোশাক না থাকার কারণে জাহিদ স্কুলে যেতে চায় না। জাহিদ তার কোন অধিকার থেকে বঞ্চিত হয়েছে?
উত্তর : জাহিদ বস্ত্রের অধিকার থেকে বঞ্চিত হয়েছে।

প্রশ্ন ॥ ৬ ॥ মতিন মিয়া তার জমিতে অধিক ফসল ফলাতে প্রচুর রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করেন। এতে কোনটি দূষণ ঘটবে?
উত্তর : এতে পানি ও মাটি দূষণ ঘটবে।

প্রশ্ন ॥ ৭ ॥ জমিতে ফসল উৎপাদনে ভূগর্ভের পানি উত্তোলন করা। এতে পরিবেশে কীরূপ প্রভাব পড়ে?
উত্তর : এতে পরিবেশে ৰতিকর প্রভাব পড়ে।

প্রশ্ন ॥ ৮ ॥ রিপা পরিবারের আয়মূলক কাজ করায় বিদ্যালয়ে যায় না। এতে সে কোনটি থেকে বঞ্চিত হচ্ছে?
উত্তর : এতে সে শিৰা থেকে বঞ্চিত হচ্ছে।

প্রশ্ন ॥ ৯ ॥ আদনান সাহেবের শিল্প কারখানার বর্জ্য পাশের নদীতে ফেলা হয়। এর ফলে কীসের দূষণ ঘটবে?
উত্তর : এর ফলে পানি দূষণ ঘটবে।

প্রশ্ন ॥ ১০ ॥ আমাদের দেশের জনসংখ্যার একটি বিরাট অংশ অদৰ। এসব জনসংখ্যা দৰ জনসম্পদে পরিণত হলে কোনটি ঘটবে বলে তোমার মনে হয়?
উত্তর : জনসংখ্যা দৰ জনসম্পদে পরিণত হলে অর্থনৈতিক উন্নয়ন বৃদ্ধি পাবে বলে আমি মনে করি।

প্রশ্ন ॥ ১১ ॥ তোমার বড় ভাই প্রশিৰণ না নিয়ে বিদেশে যাওয়ার কারণে বেশি বৈদেশিক মুদ্রা আয় করতে পারছে না। এর মূল কারণ কী?
উত্তর : এর মূল কারণ হলো অদৰতা।

প্রশ্ন ॥ ১২ ॥ 'ক' দেশের সরকার সেদেশের জনগণের জন্য বৃত্তিমূলক প্রশিৰণের ব্যবস্থা করেছে। এর মূল লৰ্য কী?
উত্তর : এর মূল লৰ্য হলো দৰ জনশক্তি তৈরি।

প্রশ্ন ॥ ১৩ ॥ খুলনার কাগজ শিল্পের প্রধান কাঁচামাল বাঁশ। এটি কোন ধরনের সম্পদ?
উত্তর : এটি প্রাকৃতিক সম্পদ।

প্রশ্ন ॥ ১৪ ॥ মি. খান একটি পোশাক কারখানা স্থাপন করতে চাইছেন। এ জন্য প্রথমে কোনটি প্রয়োজন?
উত্তর : এজন্য প্রথমে মূলধন প্রয়োজন।

প্রশ্ন ॥ ১৫ ॥ বিগত কয়েক বছর সরকারের শিৰাৰেত্রে ব্যাপক সফলতা রয়েছে, কিন্তু এরপরও শিৰার হার সে অনুযায়ী বাড়ছে না। এর যৌক্তিক কারণ কী?
উত্তর : এর যৌক্তিক কারণ সম্পদের তুলনায় অতিরিক্ত জনসংখ্যা।

প্রশ্ন ॥ ১৬ ॥ বাংলাদেশ একটি জনবহুল দেশ। এক্ষেত্রে অর্থনৈতিক উন্নয়নের জন্য তুমি কোনটি রপ্তানির পরামর্শ দিবে?
উত্তর : বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য আমি জনসম্পদ রপ্তানির পরামর্শ দেব।

প্রশ্ন ॥ ১৭ ॥ প্রাকৃতিক সম্পদ ও মূলধনকে কাজে লাগানোর জন্য তুমি কোনটির প্রয়োজন অনুভব করবে?
উত্তর : প্রাকৃতিক সম্পদ ও মূলধনকে কাজে লাগানোর জন্য দক্ষ জনসম্পদের প্রয়োজন অনুভব করব।

প্রশ্ন ॥ ১৮ ॥ তোমার কারিগরি দক্ষতা বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কোন উপাদান হিসেবে গণ্য হবে?
উত্তর : আমার কারিগরি দক্ষতা বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে জনসম্পদ উপাদান হিসেবে গণ্য হবে।

প্রশ্ন ॥ ১৯ ॥ জনসংখ্যা সমস্যা সমাধান করতে শিক্ষার সঙ্গে কোনটির প্রয়োজন?
উত্তর : জনসংখ্যা সমস্যা সমাধান করতে শিক্ষার সঙ্গে প্রশিক্ষণ প্রয়োজন।

প্রশ্ন–২০ : জনসম্পদকে দক্ষ করে তোলা যায় কীভাবে?
[আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]
উত্তর : শিক্ষা, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা দেওয়ার মাধ্যমে তাদের কর্মক্ষমতা ও গুণগত মান বৃদ্ধির মাধ্যমে জনসম্পদকে দক্ষ করে তোলা যায়।

প্রশ্ন–২১ : কৃষি জমির পরিমাণ কেন কমে যাচ্ছে?
উত্তর : অতিরিক্ত জনসংখ্যার বসতি স্থাপনের জন্য কৃষি জমির পরিমাণ কমে যাচ্ছে।

প্রশ্ন–২২ : কোন দুটি বিষয়ের উপর যথেষ্ট গুরুত্ব দিলে জনসম্পদ উন্নত হবে এবং বেকার সমস্যার সমাধান হবে?
[মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]
উত্তর : কর্মসংস্থান বৃদ্ধি ও শ্রমের দক্ষতা বৃদ্ধি, এই দুটি বিষয়ের উপর যথেষ্ট গুরুত্ব দিলে জনসম্পদ উন্নত হবে এবং বেকার সমস্যার সমাধান হবে।

প্রশ্ন–২৩ : দক্ষ জনশক্তি বিদেশ থেকে কী আনতে পারে?
[মোহাম্মদপুর প্রাথমিক বিদ্যালয়, ঢাকা]
উত্তর : দক্ষ জনশক্তি বিদেশ থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা আনতে পারে।

প্রশ্ন–২৪ : বাংলাদেশের জনসংখ্যাকে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তুলতে হলে কী করা প্রয়োজন? [মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ]
উত্তর : বাংলাদেশের জনসংখ্যাকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে হলে প্রয়োজন সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। এই লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করে যেতে হবে।

প্রশ্ন–২৫ : দেশের অনেকেই উপযুক্ত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে কেন?
উত্তর : আমাদের দেশের জনসংখ্যার তুলনায় চিকিৎসক কম হওয়ায় অনেকেই উপযুক্ত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

প্রশ্ন–২৬ : প্রতি বছর বাংলাদেশে কী পরিমাণ খাদ্য আমদানি করতে হতো?
উত্তর : বাংলাদেশে প্রতি বছর প্রায় ২৫ লক্ষ টন খাদ্য আমদানি করতে হতো।

প্রশ্ন–২৭ : বাংলাদেশে গৃহহীন মানুষের সংখ্যা কত?
উত্তর : জাতিসংঘের তথ্যমতে বাংলাদেশে প্রায় দশ লাখ মানুষ গৃহহীন।

প্রশ্ন–২৮ : কীসের জন্য বাংলাদেশের চিরচেনা জলবায়ুর পরিবর্তন ঘটছে?
উত্তর : জনসংখ্যা বৃদ্ধির ফলে বাংলাদেশের চিরচেনা জলবায়ুর পরিবর্তন ঘটছে।

প্রশ্ন–২৯ : মানবসম্পদ উন্নয়নে সরকারি সহায়তায় কী চালু করতে হবে?
উত্তর : মানব সম্পদ উন্নয়নে সরকারি সহায়তায় বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি চালু করতে হবে।

প্রশ্ন–৩০ : কত মানুষের জন্য প্রতি বছর অতিরিক্ত বাসস্থান প্রয়োজন?
উত্তর : প্রায় তিরিশ লাখ মানুষের জন্য প্রতি বছর অতিরিক্ত বাসস্থান প্রয়োজন হয়।

প্রশ্ন–৩১ : বাংলাদেশে খাদ্যের পাশাপাশি কোনটির তীব্র সংকট রয়েছে?
উত্তর : বাংলাদেশে খাদ্যের পাশাপাশি বাসস্থানের তীব্র সংকট রয়েছে।

➲ সাধারণ

প্রশ্ন–৩২ : জাতিসংঘের তথ্যমতে বাংলাদেশে প্রায় কত লক্ষ মানুষ গৃহহীন?
উত্তর : জাতিসংঘের তথ্যমতে বাংলাদেশে প্রায় দশ লাখ মানুষ গৃহহীন।

প্রশ্ন–৩৩ : একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান কয়টি?
উত্তর : একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান তিনটি।

প্রশ্ন–৩৪ : জনসম্পদ উন্নয়নের উপাদান কয়টি?
উত্তর : জনসম্পদ উন্নয়নের উপাদান তিনটি।

প্রশ্ন–৩৫ : বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের একটি উপাদানের নাম লেখ।
উত্তর : বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের একটি উপাদানের নাম হচ্ছে জনসম্পদ।

প্রশ্ন–৩৬ : মানবসম্পদ উন্নয়নে মূল উপাদান কোনটি?
উত্তর : মানবসম্পদ উন্নয়নে মূল উপাদান হচ্ছে শিক্ষা।

প্রশ্ন–৩৭ : অতিরিক্ত জনসংখ্যাকে দক্ষ জনসম্পদে রূপান্তর করলে কী লাভ হবে?
উত্তর : অতিরিক্ত জনসংখ্যাকে দক্ষ জনসম্পদে রূপান্তর করলে অর্থনৈতিক উন্নয়নে সহায়ক হবে।

প্রশ্ন–৩৮ : মানুষের মৌলিক চাহিদাগুলো কী কী?
উত্তর : মানুষের মৌলিক চাহিদাগুলো হচ্ছে, খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও স্বাস্থ্য।

প্রশ্ন–৩৯ : মানুষের দুটি মৌলিক চাহিদার নাম লিখ।
উত্তর : মানুষের দুটি মৌলিক চাহিদা হলো খাদ্য ও বস্ত্র।

প্রশ্ন–৪০ : শ্রমশক্তির দক্ষতা বৃদ্ধির পূর্বশর্ত কী?
উত্তর : শ্রমশক্তির দক্ষতা বৃদ্ধির পূর্বশর্ত হলো শিক্ষা, প্রশিক্ষণ ও স্বাস্থ্যসেবা দেয়ার মাধ্যমে তাদের কর্মদক্ষতা ও গুণগত মান।

■ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ যোগ্যতাভিত্তিক :

প্রশ্ন–১ : অতিরিক্ত জনসংখ্যা কী? জনসংখ্যা সমস্যা সমাধানের প্রয়োজন কেন? জনসংখ্যা সমস্যা সমাধানের তিনটি উপায় লিখ।
উত্তর : অতিরিক্ত জনসংখ্যা : কোনো দেশের সম্পদের তুলনায় জনসংখ্যা বেশি হলে তাকে অতিরিক্ত জনসংখ্যা বলে।

জনসংখ্যা সমস্যা সমাধানের প্রয়োজনীয়তা : অতিরিক্ত জনসংখ্যা খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য, জীবনযাত্রার মান ও পরিবেশের উপর নেতিবাচক প্রভাব ফেলে বিধায় জনসংখ্যা সমস্যা সমাধান করা প্রয়োজন।

জনসংখ্যা সমস্যা সমাধানের উপায় : জনসংখ্যা সমস্যা সমাধানের তিনটি উপায় হলো :

১. প্রধান খাদ্যের কৃষি উৎপাদন বাড়াতে হবে।
২. স্বাক্ষরতা এবং শিক্ষার মান বাড়াতে শিশুদের লেখাপড়ায় উৎসাহিত করতে হবে।
৩. রোগ প্রতিরোধে বিভিন্ন টিকা এবং স্বাস্থ্যসেবা প্রদানে সরকারি সহায়তা বাড়াতে হবে।

প্রশ্ন–২ : আমাদের পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে জনসংখ্যা বৃদ্ধির ফলে– ব্যাখ্যা কর।
উত্তর : আমাদের চারপাশের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ নিয়েই আমাদের পরিবেশ। কিন্তু অতিরিক্ত জনসংখ্যার কারণে একদিকে আমাদের প্রাকৃতিক পরিবেশ যেমন দূষিত হয়ে পড়ছে, অন্যদিকে সামাজিক পরিবেশেও দেখা দিয়েছে নানা ধরনের বিশৃঙ্খলা। অতিরিক্ত জনসংখ্যার কারণে অধিক ফসল ফলাতে প্রচুর রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করা হচ্ছে। এগুলো পুকুর ও নদীর পানি নষ্ট করছে এবং বনের গাছপালা কেটে বাড়িঘর তৈরি করায় বন ধ্বংস হয়ে যাচ্ছে। ফলে সামগ্রিকভাবে আমাদের বসবাসের পরিবেশ দূষিত হয়ে পড়ছে।

প্রশ্ন–৩ : অতিরিক্ত জনসংখ্যা আমাদের জীবনযাত্রার মানে কীরূ প প্রভাব ফেলছে। এৰেত্রে যানবাহনের উপর প্রভাব কী? চারটি বাক্যে বুঝিয়ে বল।

উত্তর : জীবনযাত্রার মানের ওপর রয়েছে জনসংখ্যা বৃদ্ধির নেতিবাচক প্রভাব। জনসংখ্যা বৃদ্ধির প্রভাবে আমাদের জীবনযাত্রার মান ক্রমশ নিম্নস্তরে পৌঁছে যাচ্ছে। এৰেত্রে যানবাহনের উপরও নেতিবাচক প্রভাব পড়ে। যেমন : অতিরিক্ত জনসংখ্যার কারণে অতিরিক্ত যানবাহন চলাচল করছে। ফলে যানজট হচ্ছে। মানুষ অতিরিক্ত যাত্রী হয়ে যানবাহনে চলাচল করছে। ফলে দুর্ঘটনা বাড়ছে।

প্রশ্ন–৪ : বাংলাদেশের জনসংখ্যা দিন দিন বেড়েই চলছে। এতে তাদের কী কী মৌলিক অধিকার খর্ব হচ্ছে। বাসস্থানের ওপর জনসংখ্যা বৃদ্ধির চারটি প্রভাব লিখ।

উত্তর : বাংলাদেশের জনসংখ্যা বেড়ে যাওয়ার কারণে তাদের খাদ্য, বাস্ত্র, বাসস্থান, শিৰা ও চিকিৎসা ইত্যাদি মৌলিক অধিকার খর্ব হচ্ছে। বাসস্থানের ওপর জনসংখ্যা বৃদ্ধির চারটি প্রভাব হলো :

১. জাতিসংঘের তথ্য মতে, বাংলাদেশে প্রায় দশ লাখ মানুষ গৃহহীন।
২. বর্তমানে যে হারে জনসংখ্যা বাড়ছে তাতে প্রতিবছর প্রায় তিরিশ লাখ মানুষের জন্য অতিরিক্ত বাসস্থান প্রয়োজন।
৩. সম্পদের সীমাবদ্ধতার কারণে সরকারের পৰে অতিরিক্ত জনগোষ্ঠীর বাসস্থান দেওয়া সম্ভব হচ্ছে না।
৪. বাসস্থানের অভাবে শহরের ছিন্নমূল মানুষেরা মানবেতর অবস্থায় বসবাস করছে।

প্রশ্ন–৫ : মানবসম্পদ রপ্তানি বলতে কী বুঝ? মানবসম্পদ উন্নয়নে শিৰার গুরবত্ব উলেরখ কর।

উত্তর : পৃথিবীর বহুদেশে মূলধন বা প্রাকৃতিক সম্পদ থাকলেও জনসম্পদের অভাব থাকায় দৰ মানবসম্পদের প্রচুর চাহিদা রয়েছে। সেসব দেশে জনসম্পদ পাঠানোকে মানবসম্পদ রপ্তানি বলে। মানবসম্পদ উন্নয়নের মূল উপাদান হচ্ছে শিৰা। শিৰাব্যবস্থার ব্যাপক উন্নয়ন এবং কর্মমুখী ও কারিগরি শিৰার প্রসার ঘটিয়ে জনসম্পদকে দৰ করে তোলা যায়। এতে অল্প সময়েই জনসংখ্যা মানবসম্পদে রূ পান্তরিত হবে।

প্রশ্ন–৬ : অর্থনৈতিক উন্নয়ন কীভাবে জনসংখ্যা বৃদ্ধির হার কমায়? জনসংখ্যা সমস্যা সমাধানে শিৰা কীভাবে ভূমিকা রাখে?

[তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]

উত্তর : দেশের প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার, দ্রুত শিল্পায়ন, কৃষির আধুনিকীকরণ, পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধন করে, অর্থনৈতিক উন্নয়নের গতিকে ত্বরান্বিত করে জীবনযাত্রার মান উন্নত করা যায়। উন্নত জীবনের ছোঁয়া পেলে সাধারণ মানুষ জনসংখ্যা বৃদ্ধির হার কমাতে আগ্রহী হয়। শিৰিত জনগোষ্ঠী জীবনযাত্রার মান উঁচু রাখার জন্য পরিবারের জনসংখ্যা সীমিত রাখে। এভাবে শিৰা জনসংখ্যা সমস্যা সমাধানে কার্যকর ভূমিকা পালন করে।

➲ সাধারণ

প্রশ্ন–৭ : জনসংখ্যাকে জনসম্পদে রূ পান্তরের পাঁচটি উপায় লিখ।

উত্তর : জনসংখ্যাকে জনসম্পদে রূ পান্তরিত করার ৫টি উপায় হলো :

১. শিৰা ব্যবস্থাকে যুগোপযোগী করা।
২. প্রশিৰণ ও স্বাস্থ্য সেবার মাধ্যমে শ্রমশক্তির দৰতা বৃদ্ধি করা।
৩. উপযুক্ত খাদ্য ও পুষ্টি, পরিবেশসম্মত আবাসন ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করা।
৪. সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।
৫. কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা।

প্রশ্ন–৮ : খাদ্যের ওপর জনসংখ্যা বৃদ্ধির পাঁচটি প্রভাব লিখ।

উত্তর : খাদ্যের ওপর জনসংখ্যা বৃদ্ধির পাঁচটি প্রভাব হলো :

১. খাদ্য ঘাটতি দেখা দেয়।
২. বসতি স্থাপনের জন্য কৃষি জমির পরিমাণ কমে যায়।
৩. খাদ্য চাহিদা পূরণের জন্য বিপুল পরিমাণ খাদ্য বিদেশ থেকে আমদানি করতে হয়।
৪. খাদ্যের অভাবে শিশুসহ দরিদ্র জনগোষ্ঠী পুষ্টিহীনতায় ভোগে।
৫. খাদ্যের মূল্য বেড়ে যায়।

প্রশ্ন–৯ : জনসংখ্যা বেড়ে যাওয়ায় সমাজ ও পরিবেশে কী কী সমস্যার সৃষ্টি হয়?

উত্তর : জনসংখ্যা বেড়ে যাওয়ায় আমাদের সমাজ ও পরিবেশে অনেক সমস্যার সৃষ্টি হয়। যেমন : ১. অপরিচ্ছন্ন রাস্তাঘাট, ২. আবর্জনা সমস্যা, ৩. বস্তি সমস্যা, ৪. যানবাহনজনিত সমস্যা, ৫. বেকার সমস্যা ইত্যাদি।

প্রশ্ন–১০ : জনসংখ্যা বেড়ে যাওয়ায় পরিবেশের উপর কী প্রভাব পড়ছে?

উত্তর : জনসংখ্যা বেড়ে যাওয়ায় পুকুর ও নদীর পানি নষ্ট হয়ে পরিবেশ দূষণ ঘটছে। বনের গাছপালা কেটে ফেলা হচ্ছে। বাড়তি জনসংখ্যার জন্য বসতবাড়ি নির্মিত হচ্ছে। অতিরিক্ত ভূগর্ভের পানি উত্তোলন করা হচ্ছে। এতে পরিবেশ ও জলবায়ুর পরিবর্তন ঘটছে।

প্রশ্ন–১১ : স্বাস্থ্যের ওপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব ব্যাখ্যা কর।

উত্তর : জনসংখ্যা বৃদ্ধির জন্য আমাদের স্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব পড়ছে। অতিরিক্ত জনসংখ্যার পুষ্টির চাহিদা মেটানো বাধাপ্রাপ্ত হচ্ছে এবং সবার জন্য চিকিৎসা সেবা নিশ্চিত করাও সম্ভব হচ্ছে না। এদেশের প্রায় অর্ধেক জনসংখ্যাই চিকিৎসা সেবা থেকে বঞ্চিত। হাসপাতালগুলোতে চাহিদার তুলনায় রোগীর সংখ্যা অনেক বেশি এবং চিকিৎসক সংখ্যা অপ্রতুল। ফলে অনেকেই উপযুক্ত চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছে।

প্রশ্ন–১২ : খাদ্যের ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব ৫টি বাক্যে লেখ।

উত্তর : অতিরিক্ত জনসংখ্যার জন্য বসতি স্থাপনের কারণে কৃষি জমির পরিমাণ কমে যায়। ফলে উৎপাদন ঘাটতি দেখা দেয়। খাদ্য আমদানি করতে হয়। খাদ্যের মূল্য অস্বাভাবিক বেড়ে যায়। পুষ্টিহীনতায় ভুগতে হয়।